

া রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১০৭৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০৬৯]
৮/ বিভিন্ন নেক আমলের ফযীলত প্রসঙ্গে (کتاب الفضائل)
পরিচ্ছেদঃ ১৯১: জামাত সহকারে নামাযের ফযীলত

(191) بَابُ فَضْل صَلَاةِ الْجَمَاعَةِ

আরবী

وَعَنِ ابنِ مَسعُود رضي الله عنه قَالَ: مَنْ سَرَّهُ أَنْ يَلْقَى اللهَ تَعَالَى غَداً مُسْلِماً، فَلْيُحَافِظْ عَلَى هَوُّلاَءِ الصَّلَوَاتِ حَيْثُ يُنَادَى بِهِنَّ، فَإِنَّ اللهَ شَرَعَ لِنَبِيّكُمْ صلى الله عليه وسلم سُنَنَ الهُدَى، وَإِنَّهُنَّ مِنْ سُنَنِ الهُدَى، وَلَوْ أَنَّكُمْ صَلَّيْتُمْ فِي بُيُوتِكُمْ كَمَا يُصَلِّي هَذَا سُنَنَ الهُدَى، وَإِنَّهُنَّ مَنْ سُنَنِ الهُدَى، وَلَوْ أَنَّكُمْ صَلَّيْتُمْ فِي بَيْتِهِ لَتَرَكْتُمْ سُنَةَ نَبِيّكُمْ، وَلَوْ تَرَكْتُمْ سُنَّة نَبِيّكُم لَضَلَلْتُمْ، وَلَقَدْ رَأَيْتُنَا وَمَا المُتَخَلِّفُ فِي بَيْتِهِ لَتَرَكْتُمْ سُنَقَ نَبِيّكُمْ، وَلَوْ تَرَكْتُمْ سُنَةَ نَبِيّكُم لَصَلَلْتُمْ، وَلَقَدْ رَأَيْتُنَا وَمَا يَتَخَلَّفُ عَنْهَا إِلاَّ مُنَافِقٌ مَعْلُومُ النِّفَاقِ، وَلَقَدْ كَانَ الرَّجُلُ يُؤتَى بِهِ، يُهَادَى بَيْنَ الرَّجُلَيْنِ حَتَّى يُقَامَ فِي الصَّفِّ . رَوَاهُ مُسلِم

وفي رواية لَهُ قَالَ: إِنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم عَلَّمَنَا سُنَنَ الهُدَى ؛ وَإِنَّ مِنْ سُنَنِ الهُدَى الصَّلاَةَ في المَسْجِدِ الَّذِي يُؤَذَّنُ فِيهِ .

বাংলা

৬/১০৭৬। আব্দুল্লাহ ইবনে মাস'উদ রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, "যাকে এ কথা আনন্দ দেয় যে, সে কাল কিয়ামতের দিন আল্লাহর সঙ্গে মুসলিম হয়ে সাক্ষাৎ করবে, তার উচিত, সে যেন এই নামাযসমূহ আদায়ের প্রতি যত্ন রাখে, যেখানে তার জন্য আযান দেওয়া হয় (অর্থাৎ মসজিদে); কেননা, মহান আল্লাহ তোমাদের নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিমিত্তে হিদায়েতের পন্থা নির্ধারণ করেছেন। আর নিশ্চয় এই নামাযসমূহ হিদায়েতের অন্যতম পন্থা ও উপায়। যদি তোমরা (ফরয) নামায নিজেদের ঘরেই পড়, যেমন এই পিছিয়ে থাকা লোক নিজ ঘরে নামায পড়ে, তাহলে তোমরা তোমাদের নবীর তরীকা পরিহার করবে।

আর (মনে রেখো,) যদি তোমরা তোমাদের নবীর তরীকা পরিহার কর, তাহলে নিঃসন্দেহে তোমরা পথহারা হয়ে যাবে। আমি আমাদের লোকদের এই পরিস্থিতি দেখেছি যে, নামায (জামাতসহ পড়া) থেকে কেবল সেই মুনাফিক (কপট মুসলিম) পিছিয়ে থাকে, যে প্রকাশ্য মুনাফিক। আর (দেখেছি যে, পীড়িত) ব্যক্তিকে দু'জনের উপর ভর দিয়ে নিয়ে এসে (নামাযের) সারিতে দাঁড় করানো হতো।' (মুসলিম) [1]



মুসলিমের অন্য বর্ণনায় আছে, ইবনে মাসঊদ রাদিয়াল্লাহু আনহু বলেন, 'আমাদেরকে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হিদায়েতের (সৎপথ প্রাপ্তির) পন্থা বলে দিয়েছেন। আর হিদায়েতের অন্যতম পন্থা, সেই মসজিদে নামায পড়া, যেখানে আয়ান দেওয়া হয়।'

English

(191) Chapter: The Excellence of Performing Salat (Prayers) in Congregation

Ibn Mas'ud (May Allah be pleased with him) reported:
He who likes to meet Allah tomorrow (i.e., on the Day of Requital) as a Muslim, should take care and observe the Salat when the Adhan is announced for them. Allah has expounded to your Prophet (**) the ways of right guidance, and these (the prayers) are part of the right guidance. If you have to perform Salat in your houses, as this man who stays away (from the mosque) and performs Salat in his house, you will abandon the Sunnah (practice) of your Prophet (**), and the departure from the Sunnah of your Prophet (**) will lead you astray. I have seen the time when no one stayed behind except a well-known hypocrite. I also saw that a man was brought swaying (on account of weakness) between two men till he was set up in a row (in the mosque).

[Muslim].

Commentary: This Hadith makes the following four points:

- 1.Emphasis on performing Salat in congregation.
- 2. The passion of the Companions of the Prophet (PBUH) for Salat.
- 3.Evasion from Salat with congregation is a practice of hypocrites.
- 4.Inducement for following the Sunnah of the Prophet (PBUH) because evasion from it is bound to lead one astray.

ফুটনোট

[1] মুসলিম ৬৫৪, আবূ দাউদ ৫৫০, ইবনু মাজাহ ৭৭৭, আহমাদ ৩৫৫৪, ৩৬১৬, ৩৯২৬, ৩৯৬৯, ৪২৩০, ৪৩৪২, দারেমী ১২৭৭

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন মাসউদ (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন